



ভোট কার্যক্রম নজরদারিতে মাঠে নামল ইইউ মিশন



সংগৃহীত ছবি

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে প্রস্তুতির সার্বিক অবস্থা যাচাইয়ে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) ৫৬ জন পর্যবেক্ষক নিয়োগ দিয়েছে। তারা ইতোমধ্যে দেশজুড়ে কাজ শুরু করেছেন।

শনিবার (১৭ জানুয়ারি) আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান ইইউ নির্বাচন পর্যবেক্ষণ মিশনের উপ-প্রধান পর্যবেক্ষক ইস্তা লাসে। তিনি বলেন, এসব পর্যবেক্ষক নির্বাচন ব্যবস্থার নিরপেক্ষ ও তথ্যনির্ভর মূল্যায়নে ভূমিকা রাখবেন। এ জন্য তারা নির্বাচন পরিচালনাকারী সংস্থা, প্রার্থী, রাজনৈতিক দল, সুশীল সমাজ এবং নাগরিক পর্যবেক্ষক গোষ্ঠীর সঙ্গে নিয়মিত বৈঠক করবেন।

তিনি আরও জানান, পর্যবেক্ষকরা দেশের ৬৪টি জেলায় শহর ও গ্রাম উভয় এলাকাতেই কার্যক্রম চালাবেন। নির্বাচনের সময় ঘনিজে এলে আরও ৯০ জন স্বল্পমেয়াদি পর্যবেক্ষক যুক্ত হবেন। এতে ভোটের দিন ইইউর প্রায় দুই শতাধিক পর্যবেক্ষক মাঠে উপস্থিত থাকবেন।

নির্বাচন শেষে ঢাকায় সংবাদ সম্মেলনের মাধ্যমে ইইউ নির্বাচন পর্যবেক্ষণ মিশন তাদের প্রাথমিক পর্যবেক্ষণ প্রতিবেদন প্রকাশ করবে।